

“বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন” প্রকল্প

প্রকল্প পরিচালকের কার্যালয়, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

প্রকল্প চলাকালীন সময়ের জন্য অস্থায়ী ভিত্তিতে

জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ (বিএমআরসি)-এর “বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন” শীর্ষক প্রকল্পে নিম্নে উল্লিখিত পদে প্রকল্প চলাকালীন সময়ের জন্য অস্থায়ী ভিত্তিতে সাকুল্যে বেতনে জনবল নিয়োগ করা হবে। এ উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-৯) টাকা ২২০০০ – ৫৩০৬০/-	১	অনু্য ৩৫ বছর। সরকারী উন্নয়ন প্রকল্পে এবং ল্যাবরেটরি সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে সিজিপিএ ২.৫ বা তদুর্ধ্ব অথবা সমমানের গ্রেড সহ ৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। উন্নয়ন প্রকল্পে নির্মাণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাবরেটরি নির্মাণ, বিল্ডিং-এর লোড ক্যালকুলেশন, ফায়ার সেফটি মেজারমেন্ট ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-৯) টাকা ২২০০০ – ৫৩০৬০/-	১	অনু্য ৩৫ বছর। সরকারী উন্নয়ন প্রকল্পে এবং ল্যাবরেটরি সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) বিষয়ে সিজিপিএ ২.৫ বা তদুর্ধ্ব অথবা সমমানের গ্রেড সহ ০৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। উন্নয়ন প্রকল্পে বৈদ্যুতিক নির্মাণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাবরেটরি এবং ইকুইপমেন্ট-এর ইলেকট্রিক লোড ব্যালেন্স, এইচভিএসি (HVAC), ফায়ার সেফটি মেজারমেন্ট ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩।	সহকারী স্থপতি (গ্রেড-৯) টাকা ২২০০০ – ৫৩০৬০/-	১	অনু্য ৩৫ বছর। সরকারী উন্নয়ন প্রকল্পে এবং ল্যাবরেটরি সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্য বিভাগ থেকে সিজিপিএ ২.৫ বা তদুর্ধ্ব অথবা সমমানের গ্রেড সহ ০৫ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। উন্নয়ন প্রকল্পে নির্মাণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাবরেটরি-এর আর্কিটেকচারাল ডিজাইন, লোড ক্যাপাসিটি ক্যালকুলেশন, ফায়ার সেফটি মেজারমেন্ট ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৪।	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী (গ্রেড-১৬) টাকা ৯৩০০ – ২২৪৯০/-	২	অনু্য ৩০ বছর।	বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। কম্পিউটার টাইপে প্রতি মিনিটে বাংলা এবং ইংরেজিতে যথাক্রমে ২০ ও ৩০ শব্দ টাইপ করার দক্ষতা।
৫।	ড্রাইভার (গ্রেড-১৬) টাকা ৯৩০০ – ২২৪৯০/-	২	অনু্য ৩০ বছর।	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উপযুক্ত কর্তৃপক্ষ হতে গাড়ী চালানোর বৈধ লাইসেন্স প্রাপ্ত এবং কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬।	অফিস সহায়ক (গ্রেড-২০) ৮২৫০ – ২০০১০/-	২	অনু্য ৩০ বছর।	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আগ্রহী প্রার্থীদের নিকট পূর্ণ জীবন বৃত্তান্ত, ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র আগামী ২২/০৪/২০১৯ইং তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, ‘বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন’ প্রকল্প, প্রকল্প পরিচালকের কার্যালয়, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা - ১২১২, এই ঠিকানায় প্রেরণ করতে হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিটি সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রকল্প পরিচালক

“বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন” প্রকল্প